

মে/২০২৪ মাসে অনুষ্ঠিত দাকোপ উপজেলা ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

সভাপতি : জয়দেব চক্রবর্তী, উপজেলা নির্বাহী অফিসার ও ইনোভেশন অফিসার, দাকোপ, খুলনা।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, দাকোপ, খুলনা।
তারিখ : ২৯ মে, ২০২৪ খ্রি. সময়: সকাল ১১.৩০ টা।
উপস্থিতি : পরিশিষ্ট 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। এরপর দাকোপ উপজেলা পর্যায়ের বিভিন্ন পাইলট প্রকল্পের বর্তমান অবস্থা সম্পর্কে আলোচনা করা হয়। সার্বিক বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

দাকোপ উপজেলাধীন ইনোভেশন সংক্রান্ত পাইলট প্রকল্পের বর্তমান অবস্থা এবং কাজে গতিশীলতা আনার লক্ষ্যে আরো তৎপর হওয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

বাস্তবায়নে: পাইলট প্রকল্প প্রদানকারী কর্মকর্তাবৃন্দ, দাকোপ, খুলনা।

০২. উপজেলার সকল কর্মকর্তাদের নিকট নতুন আইডিয়া প্রদানের জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে: উপজেলা ইনোভেশন টিম, দাকোপ, খুলনা।

০৩. উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় আলোচ্যসূচির অন্তর্ভুক্ত করে ইনোভেশন বিষয়ে গৃহীত প্রকল্পসমূহের কার্যক্রমের অগ্রগতি নিয়ে নিয়মিতভাবে আলোচনা করতে হবে এবং প্রতিমাসের উপজেলা ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী জেলা ইনোভেশন টিমে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে: উপজেলা ইনোভেশন টিম, দাকোপ, খুলনা।

০৪. জনসেবায় উদ্ভাবন কর্মশালায় দাখিলকৃত দাকোপ উপজেলাধীন বিভিন্ন পাইলট প্রকল্প মনিটরিং এ গতিশীলতা আনার জন্য বিশেষ অনুরোধ করা হয়।

বাস্তবায়নে: উপজেলা ইনোভেশন টিম, দাকোপ, খুলনা।

০৫. উপজেলা ইনোভেশন টিমের সভার কার্যবিবরণীর সফটকপি সকল সদস্যদের ই-মেইলে সরবরাহ করতে হবে এবং ওয়েবপোর্টালে সংযুক্ত করতে হবে।

বাস্তবায়নে: সহকারী প্রোগ্রামার, দাকোপ, খুলনা।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(জয়দেব চক্রবর্তী)

উপজেলা নির্বাহী অফিসার

দাকোপ, খুলনা


ই-মেইল: unodacope@mopa.gov.bd

তারিখ: ৩০/০৫/২০২৪ খ্রি.

স্মারক নম্বর: ০৫.৪৪.৪৭১৭.০০০.১২.০০২.২৪ -

অনুলিপি সদয় অবগতি/ অবগতি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১. জেলা প্রশাসক, খুলনা।
০২. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খুলনা।
০৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা।
০৪. জনাব..... কর্মকর্তা, দাকোপ, খুলনা।
০৫.
০৬. অফিস কপি।


(জয়দেব চক্রবর্তী)
উপজেলা নির্বাহী অফিসার
দাকোপ, খুলনা